প্রকাশ পেল ‘ব্যাড বয়েজ’

শোবিজের আলোচিত চলচ্চিত্র নির্মাতা সৈকত নাসির। ‘দেশা দ্য লিডার’র মাধ্যমে পেয়েছেন জাতীয় চলচ্চিত্র ও বাচসাস পুরস্কার। ‘ট্র্যাপড’-এর পর এবার প্রকাশিত হয়েছে তার নির্মাণে আরেকটি ওয়েব সিরিজ ‘ব্যাড বয়েজ’। ভিজুয়ালাইজারের নির্মাণে কমেডি, থ্রিলার ও রোমান্টিক ঘরানার এ ওয়েব সিরিজটি মুক্তি পেয়েছে ‘সিনেস্পট অরিজিনালসহ’।

কাহিনি, সংলাপ ও চিত্রনাট্য ফেরারি ফরহাদ। বিভিন্ন চরিত্রে অভিনয়ে ইমতু রাতিশ, অ্যানি খান, অভি প্রামাণিক, তারেক জামান, রেজাউর রহমান রাজু, পৌলোমী দাস, তিথি, উম্মে হাবিবা প্রমি, আবুল হোসেন মাহমুদ, নিশির সোরেন, দোলন, এমইউ অ্যান্থনি, এ্যানানাস ফ্লাওয়ার, আয়েশা নাফিসা প্রমুখ।

সৈকত নাসির জানান, ‘বাংলাদেশে এ রকম কনটেন্ট এর আগে হয়নি। নিজেকে নিয়ে এক্সপেরিমেন্ট করার ভালো একটা সুযোগ মিস করতে চাইনি। অকল্পনীয় ফিডব্যাক পাচ্ছি।’